



## সংবাদ বিজ্ঞপ্তি

### বাংলাদেশ দূতাবাস, সিউল-এ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

বাংলাদেশ দূতাবাস, সিউল-এ যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন করা হয়। দিবসটি উপলক্ষ্যে ২৬ মার্চ ২০২৪ তারিখ সকালে দক্ষিণ কোরিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব দেলওয়ার হোসেন দূতাবাসের কর্মকর্তা-কর্মচারী ও প্রবাসী বাংলাদেশীদের উপস্থিতিতে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং দূতাবাসে জাতির পিতার ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাজ্ঞাপন করেন। জাতির পিতা ও মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী বীর মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত এবং দেশ ও জাতির উত্তরোত্তর সমৃদ্ধি ও সার্বিক মঙ্গল কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। দূতাবাসের কর্মকর্তাবৃন্দ এ দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর বাণী পাঠ করেন। অনুষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। অতঃপর মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-এর উপর আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রাষ্ট্রদূত জনাব দেলওয়ার হোসেন তাঁর বক্তব্যে বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং বাংলাদেশের স্বাধীনতা অর্জনে জাতির পিতা, আত্মোৎসর্গকারী বীর মুক্তিযোদ্ধা ও নির্যাতিতা বীরাজ্ঞানাদের অবদানের কথা সশ্রদ্ধচিত্তে স্মরণ করেন। তিনি মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে জাতির পিতার 'সোনার বাংলা' বাস্তবায়নে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

সিউল, ২৬ মার্চ ২০২৪।